**24 T--ADBE**

# 2014

# ADVANCE BENGALI

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : 3 hours**

***The figures in the margin indicate full marks for the questions***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) ''মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ।''
'মেদনী' শব্দের অর্থ লেখো ।

(খ) ''কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান।'' এই দ্বিজ কে?

(গ) ''বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই নবী।'' কবি কে?

(ঘ) ''মনুষ্যজীবন —— অত্যাচারে পরিপূর্ণ।'' (শূন্যস্থান পূরণ করো)

(ঙ) 'পনেরো-আনা' প্রবন্ধের লেখক কে?

(চ) সাহিত্যের উদ্দেশ্য কী?

(ছ) 'বনফুল' কোন্ লেখকের ছদ্মনাম?

(জ) 'দিবা দ্বিপ্রহর' গল্পের সাপটি কোথায় আত্মগোপন করেছিল?

(ঝ) 'মেজদিদি' উপন্যাসের মেজদির প্রকৃত নাম কী?

(ঞ) ''খেলার পরীক্ষা তো চুকেছে, এবার কাজের পরীক্ষা হোক।'' উক্তিটি কোন্ পাঠ থেকে নেওয়া হয়েছে?

(ট) ''এ মুকুট আমার নয়।'' বক্তার নাম কী?

(ঠ) একই শব্দ একই স্বরধ্বনি সমেত ভিন্ন ভিন্ন অর্থে একাধিকবার ব্যবহৃত হলে কী অলংকার হয়?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১০=২০

(ক) ''আঝর ঝরএ মোর নয়নের পাণী।''
কার নয়নের পানী ঝরছে এবং কেন?

(খ) ''লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে।''
বাক্যটি কোন্ কবিতার অন্তর্গত? কার নামের কথা বলা হয়েছে?

(গ) 'মানুষ দুই শ্রেণীতে বিভক্ত'—শ্রেণি দুটি কী?

(ঘ) ''যে ভালবাসে, সেই অত্যাচার করে।''
উদ্ধৃতিটি কোন্ লেখকের এবং কোন্ পাঠ থেকে নেওয়া হয়েছে?

(ঙ) ''কৃষ্ণচন্দ্রের মনোরঞ্জন করতে বাধ্য না হলে তিনি 'বিদ্যাসুন্দর' রচনা করতেন না।'' পাঠটির লেখক কে? 'বিদ্যাসুন্দর' কার রচনা?

(চ) ''এবেলা কেষ্ট আর পাঁচুগোপাল আমার ওখানে খাবে দিদি।'' কে এবং কাকে একথা বলেছে?

(ছ) 'মেজদিদি' পাঠটির লেখক কে? মেজদিদির স্বামীর নাম কী?

(জ) ''তোমার দাদার বুদ্ধি তীরের মুখে কেন খেলে না তা জান? বুদ্ধিটা তেমন সূক্ষ্ম নয়।'' উদ্ধৃত উক্তিটি কোন্ পাঠ থেকে নেওয়া হয়েছে? পাঠটির লেখকের নাম লেখো।

(ঝ) ''খেলার পরীক্ষা তো চুকেছে, এবার কাজের পরীক্ষা হোক।'' কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে?

(ঞ) ''ভারত ভারতখ্যাত আপনার গুণে।'' অলংকারের নাম লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৩×১০=৩০

(ক) ''পাখি নহোঁ তার ঠাঞি উড়ী পড়ি জাওঁ''

পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত? 'তার' বলতে কার কথা বলা হয়েছে? 'ঠাঞি' শব্দের অর্থ লেখো। ১+১+১=৩

(খ) ''তোমার কান্নার সুরে বেতের-ফলের মতন তার ম্লান চোখ মনে আসে;''

উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ? কবি কে? কার কান্নার কথা এখানে বলা হয়েছে? ১+১+১=৩

(গ) ''মৌ-লোভী যত মৌলবী আর মোল্‌লারা ক'ন হাত নেড়ে,
দেব-দেবী নাম মুখে আনে, সবে দাও পাজিটার জাত মেরে।''

লাইন দুটির বক্তব্য পরিস্ফুট করো। ৩

(ঘ) ''এখানে দশরথ স্বার্থপরতাশূন্য নহেন।'' উক্তিটি কোন্ রচনার অংশ? দশরথকে কেন স্বার্থপর বলা হয়েছে পাঠে? ১+২=৩

(ঙ) ''আমরা যাহাকে ব্যর্থ বলি, প্রকৃতির অধিকাংশই তাই।'' উক্তিটির কারণ নির্দেশ করো। ৩

(চ) ''ডাক্তারিতে কিচ্ছু হবে না, কিৎসু হবে না।'' বক্তার চেহারার বর্ণনা দাও। ৩

(ছ) ''পাঁচুগোপাল বলিল, জানে মেজ খুড়ীমার অসুখ শরীর—সন্ধ্যা হলেই ঘুমিয়ে পড়েন, —ও কি কম চালাক!'' পাঁচুগোপাল কাকে উদ্দেশ করে কথাটি বলেছে? কেন বলেছে? ১+২=৩

(জ) ''সমস্ত দুপুর দোকান পালিয়ে কোথায় ছিলিরে কেষ্ট?'' কেষ্টকে এই প্রশ্নটি কে করে? কেষ্ট দোকান থেকে পালিয়ে কোথায় গিয়েছিল? ১+২=৩

(ঝ) ''শাবাস রাজধর শাবাস! আজ তুমি ক্ষত্রিয় সন্তানের মতো কথা বলেছ।'' বক্তা কে? কেন তিনি রাজধরকে একথা বলেছেন? ১+২=৩

(ঞ) 'মুকুট' নাটকের তিন রাজকুমারের নাম লেখো। ৩

৪। 'বিপ্রবেশে অর্জুন' কবিতাটিতে রাজসভায় বিপ্রবেশী অর্জুনকে দেখে ক্ষত্রিয়দের মধ্যে যে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল, পাঠ্য কবিতা অবলম্বনে সংক্ষেপে সে বিষয়ে আলোচনা করো। ৫

*অথবা*

'প্রত্যহের ভার' কবিতাটিতে কবির আশাবদী মনের যে পরিচয় ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।

৫। ''জীবন বৃথা গেল। বৃথা যাইতে দাও। অধিকাংশ জীবনই বৃথা যাইবার জন্য হইয়াছে।'' উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

*অথবা*

'দিবা দ্বিপ্রহর' গল্পে বনফুল অন্ধবিশ্বাস ও কুসংস্কারের ফলে মানুষের দুর্ভোগের যে ছবি এঁকেছেন তা সংক্ষেপে বর্ণনা করো।

৬। রাজধরের চরিত্র আলোচনা করো। ৪

*অথবা*

''চলবে না তো কী? আমার লক্ষ্যভ্রষ্ট হলেও জগৎসংসার যেমন চলছিল ঠিক তেমনিই চলবে। আর যদি বা নাই চলত তবু আমার জেতবার সম্ভাবনা দেখছিনে।''

কোন্ পাঠ থেকে উক্তিটি গৃহীত? উক্তিটি কার এবং কোন্ প্রসঙ্গে করা হয়েছে? ১+১+২=৪

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) হেমাঙ্গিনী *অথবা* কেষ্ট চরিত্র সম্বন্ধে আলোচনা করো। ৪

(খ) "হেমাঙ্গিনী শশব্যস্তে মাথায় কাপড় দিয়া ঘরের এক পার্শ্বে সরিয়া দাঁড়াইতেই বড়কর্তা তীব্র কটু কণ্ঠে শুরু করিয়া দিলেন, তোমার জন্যে আর তো আমরা বাড়িতে টিকতে পারিনে মেজবৌমা।" বড়কর্তার নাম কী? তিনি সম্পর্কে মেজবৌমার কে হন? মেজবৌমাকে তিনি কেন এমন কথা বললেন? ১+১+২=৪

(গ) "পাঁচুদা তাকে নাড়ুগোপাল করে মাথায় দুটো থান ইট দিয়ে বসিয়ে রেখেছে।" কার প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে এবং কেন? ১+৩=৪

৮। "সেনাপতির আদেশ লঙ্ঘন করে উনি অন্ধকারে শৃগালবৃত্তি অবলম্বন করলেন—আর উনি পরবেন মুকুট!" কে এই সেনাপতি? শৃগালবৃত্তি কে অবলম্বন করেছে? কোন্ প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে? ১+১+২=৪

*অথবা*

"সুযোগ কি তীরের মুখে থাকে? সুযোগ বুদ্ধির ডগায়। তোমাকে কিন্তু একটি কাজ করতে হবে।" 'একটি কাজ' বলতে কী কাজের কথা বলা হয়েছে? কাজের ফলাফল কী হয়েছিল? ১+৩=৪

৯। উদাহরণসহ তানপ্রধান *অথবা* ধ্বনিপ্রধান ছন্দের চারটি বৈশিষ্ট্য লেখো। ৪+১=৫

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো : ৫

কে বলে ঈশ্বর গুপ্ত ব্যাপ্ত চরাচর,
যাহার প্রভায় প্রভা পায় প্রভাকর?

১০। যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও : $২\frac{১}{২}+২\frac{১}{২}+১+১=৭$

শ্লেষ ; উপমা ; উৎপ্রেক্ষা ; সমাসোক্তি ; বিরোধাভাস।

★★★